দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 20 MAY 2016 ....
পৃষ্ঠা ... ... কলাম ... ......

শিক্ষক লাঞ্ছনা

# স্বপদে পুনর্বহাল শ্যামল কান্তি, স্কুল কমিটি বাতিল

## ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার প্রমাণ মেলেনি : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

নারায়ণগঞ্জের বন্দর উপজেলার পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে কান ধরে ওঠবস করার ঘটনায় ওই স্কুলের ম্যানেজিং কমিটি বাতিল করা হয়েছে। একইসঙ্গে কমিটির সিদ্ধান্তে সাময়িক বরখাস্ত হওয়া ওই শিক্ষককে স্বপদে বহাল রাখার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এক সংবাদ সম্মেলনে মন্ত্রী এ ঘোষণা দেন। শিক্ষা মন্ত্রণালয় গঠিত তদন্ত কমিটির সুপারিশের আলোকেই এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তিনি জানান।

শিক্ষামন্ত্রী বলেন, পৃষ্ঠা ১৪ কলাম ৭

## স্বপদে পুনর্বহাল

প্রথম পৃষ্ঠার পর

ওই শিক্ষককে বরখাস্তের আদেশ অবৈধভাবে দেওয়া হয়েছে। ওই আদেশ বাতিল ঘোষণা করা হয়েছে। পরিচালনা পর্ষদ 'এজেন্ডা বহির্ভূতভাবে' ওই শিক্ষককে বরখাস্ত করেছিল জানিয়ে মন্ত্রী বলেন, এ কারণে ওই স্কুল কমিটিও বাতিল করা হয়েছে। আপাতত নারায়ণগঞ্জ জেলা প্রশাসকের নেতৃত্বে স্কুল পর্ষদ পরিচালনার জন্য একটি কমিটি করে দেওয়া হয়েছে। এছাড়া হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী এ ঘটনায় জড়িত অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় সার্বিক বিষয়টি নজরদারিতে রাখবে।

তদন্ত প্রতিবেদন প্রসঙ্গে মন্ত্রী জানান, তদন্তে শিক্ষক শ্যামল কান্তি ধর্মীয় অনুভূতিতে আঘাত দিয়েছেন বলে কোনো অভিযোগ পাওয়া যায়নি। তদন্ত কমিটি ওই শিক্ষককে স্বপদে বহাল ও স্কুলের আগের কমিটি বাতিলের সুপারিশ করেছে। তিনি বলেন, ভিন্ন একটি বিষয়কে কেন্দ্র করে এ ঘটনা ঘটানো হয়েছিল। যে সভায় পরিচালনা কমিটি ওই শিক্ষককে বরখাস্তের সিদ্ধান্ত নেয়, সে সভার এজেন্ডাতেই এ বিষয় ছিল না। সম্মেলনে শিক্ষা সচিব মো. সোহরাব হোসেন, মাউশির মহাপরিচালক প্রফেসর ফাহিমা খাতুনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, এক ছাত্রকে মারধর ও ধর্ম নিয়ে কটূক্তি করার অভিযোগে গত শুক্রবার প্রকাশ্যে নিজের স্কুল ক্যাম্পাসে শিক্ষক শ্যামল কান্তি ভক্তকে স্থানীয় এমপি সেলিম ওসমানের উপস্থিতিতে কান ধরে ওঠবস করানো হয়। এ ঘটনায় দেশে ব্যাপক প্রতিবাদের সৃষ্টি হয় এবং জড়িতদের শাস্তির দাবি ওঠে। এর প্রেক্ষিতে গত সোমবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের ঢাকা অঞ্চলের পরিচালক মো. ইউসুফ আলীকে প্রধান করে দুই সদস্যের তদন্ত কমিটি গঠন করে সরকার। বুধবার রাতে কমিটি তাদের প্রতিবেদন জমা দেয়।

**শিক্ষককে আইনি সহায়তা দেওয়ার ঘোষণা:** লাঞ্ছিত স্কুল শিক্ষক শ্যামল কান্তিকে আইনি সহায়তা দেওয়ার ঘোষণা দিয়েছেন সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নেতৃবৃন্দ। গতকাল এক সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি অ্যাডভোকেট ইউসুফ হোসেন হুমায়ুন বলেন, শ্যামল কান্তি চাইলে তাকে আইনি সহায়তা দেয়া হবে। এসময় সমিতির সম্পাদক ব্যারিস্টার এম মাহবুবউদ্দিন খোকন, কোষাধ্যক্ষ রমজান আলী সিকদার প্রমুখ উপস্থিত ছিলেন।